# উপজেলা পরিষদের সাধারণ সভার কাযবিবরণি

স্থান-উপজেলা পরিষদ মিলনায়তন

শেরপুর, বগুড়া

১২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২১ বেলা-১২.০০টা

সভার মাস-সেপ্টেম্বর-২০২১

---

সভাপতি ঃ মোঃ মজিবর রহমান মজনু
উপজেলা পরিষদ চেয়ারম্যান
শেরপুর, বগুড়া।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শুনানো হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ (Confirmation) করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ি নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার সেপ্টেম্বর ২০২১ মাসের কৃষি বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br><br>"ফসল আবাদ পরিস্থিতি"
<table>
<tr><th>ফসলের নাম</th><th>লক্ষ মাত্রা</th><th>অর্জিত মাত্রা হেঃ</th><th>কর্তনকৃত জমি</th><th>গড় ফলন মেঃটন</th><th>মোট উৎপাদন (মে.টন)</th></tr>
<tr><td>আউশ আবাদ</td><td>৮০০৫</td><td>৭৩০০</td><td>৩৮০০</td><td>২.৫</td><td>৯৫০০</td></tr>
<tr><td>শাকসবজি (খরিপ)</td><td>১১০০</td><td>১২৮০</td><td>১১০০</td><td>১৮</td><td>১৯৮০০</td></tr>
<tr><td>ভূট্টা গ্রীষ্ম</td><td>২৫০</td><td>১৮০</td><td>১৮০</td><td>৭.২</td><td>১২৯৬</td></tr>
<tr><td>পাট</td><td>৭২০</td><td>৩৫০</td><td>৩৩০</td><td>২.৪</td><td>৭৯২</td></tr>
<tr><td>তিল</td><td>০৫</td><td>২৫</td><td>২৫</td><td>১.২৫</td><td>৩১.২৫</td></tr>
<tr><td>মরিচ</td><td>৭৫</td><td>৬০</td><td>৬০</td><td>১৪</td><td>৮৪০</td></tr>
<tr><td>পেঁয়াজ</td><td>০১</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আদা</td><td>৩০</td><td>৩০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>হলুদ</td><td>৭০</td><td>৭৫</td><td>-</td><td>-</td><td></td></tr>
<tr><td>আমন বীজতলা</td><td>১১১০</td><td>১২৮০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আমন আবাদ</td><td>২২২০০</td><td>১৮৪০০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
</table>
সার পরিস্থিতি মেঃ টনঃ
<table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ (মেঃটন)</th><th>উত্তোলন (মেঃটন) পূর্বের মাসসহ</th><th>বর্তমান মজুদ (মেঃটন)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>৯০৭</td><td>৮৮০</td><td>১৫০</td><td rowspan="4">পূর্বের মাসের মজুদসহ</td></tr>
<tr><td>টিএসপি</td><td>১৭১</td><td>১৯৬</td><td>৩৮</td></tr>
<tr><td>এমওপি</td><td>১৫০</td><td>১৭১</td><td>৩৫</td></tr>
<tr><td>ডিএপি</td><td>২১৮</td><td>১২০</td><td>৪০</td></tr>
</table>
খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সিদ্ধান্ত নেয়া প্রয়োজন ঃ<br>* রোপা আমন ধানের পার্চিং</td><td>রোপা আউশ ধানের ফলন সন্তোষজনক। আমন ধান রোপন চলছে। নিয়মিত মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) উপযুক্ত চাষীদের মাঝে প্রদর্শনী ও প্রশিক্ষণ প্রদান।</td><td>উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় অবহিত করেন।</td><td>স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

চলমান পাতা-০২

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সেপ্টেম্বর ২০২১ মাসের কার্যক্রম উপস্থাপন করেন ঃ<br>১। ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রোগ্রাম ফেজ-২ (এনএটিপি-২)<br>২। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট-(এলডিডিপি)<br>৩। পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প<br>৪। মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)<br>৫। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প-৬ আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্প<br>৭। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।<br>এছাড়াও তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত বিষয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(ক) অফিস ক্যাম্পাস মাটি ভরাট<br>(খ) গবাদিপশুর শেড নির্মাণ<br>(গ)খামারী/উদ্যোক্তাদের বসার জায়গা/বিশ্রামাগার নির্মাণ<br>(ঘ) কৃমি মুক্তকরণ কার্যক্রম<br>(ঙ) ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম জোরদারকরণ। | উপজেলা প্রাণিস অফিসার, শেরপুর বগুড়া |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় অবহিত করেন যে, ১. নিষিদ্ধ ও বেআইনী পিরানহা, আফ্রিকান মাগুর, কারেন্ট জাল, সৌতি, চায়না জাল ও খরা জাল এবং করোনায় স্বাস্থ্য বিধি, গ্রোথ সেন্টার ও অনলাইনে মাছ বিক্রি ইত্যাদি বিষয়ে শেরপুর উপজেলার বিভিন্ন মৎস্য চাষী, হ্যাচারী মালিক, আড়ৎদার, মাছ বিক্রেতা ও জেলেদের সাথে মতবিনিময় করা হয়েছে। উল্লেখিত বিষয়ে বিভিন্ন হাট-বাজার, আড়তে সচেতনতা সৃষ্টির জন্য লিফলেট বিতরণ করা হচ্ছে। নিয়মিত বিভিন্ন হাট-বাজার, আড়ৎ, বরফকল ইত্যাদি পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।<br>২. অফিসে আগত চাষীদের কীটবক্স দ্বারা পানি পরীক্ষার মাধ্যমে নিয়মিতভাবে মাছ চাষীদের যথাযথ পরামর্শ প্রদান করায় চাষীরা উপকৃত হচ্ছে।<br>৩. প্রতি মাসের ৩য় সোমবার মৎস্য অফিসে মৎস্য পরামর্শ দিবস হিসেবে পালিত হয়ে আসছে। সপ্তাহের যে কোন দিনের পাশাপাশি এ দিনটিতে যেন মৎস্যচাষী/ মৎস্যজীবী/যে কোন মানুষ মাছচাষ বিষয়ক পরামর্শ গ্রহণেচ্ছুক ব্যক্তিবর্গ এ অফিসে আগমনের বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দাবি জানানো হয়।<br>৪. মুজিববর্ষ উপলক্ষে প্রতিমাসে মৎস্য অফিস কর্তৃক বিশেষ মৎস্য সেবা (মাঠ পর্যায়ে মাটি ও পানির গুনাগুন পরীক্ষা) প্রদান করে আসছে।<br>৫. কোভিড-১৯ পরিস্থিতিতে মাছ বিক্রেতাদের ভ্রাম্যমানভাবে উদ্ধুদ্ধ করা হচ্ছে।<br>৬. গত ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ তারিখ ২২দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ বাস্তবায়ন হয়েছে।<br>৭. দপ্তরে চলমান অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান। | ১. অফিসে স্থান সংকট<br>২. প্রতিমাসে অন্তত ০১টি করে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র প্রথম কিস্তি ২৩.৮৫ লাখ বরাদ্দ পাওয়া গিয়েছে। চার কিস্তির সম্ভাব্য বরাদ্দ ১,০০,০০,০০০/- (এককোটি) এবং ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ১,৯৭,৫৮,১৮১/- টাকা। উপজেলার ১০টি ইউনিয়ন হতে এবং বিভাগীয় কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত প্রকল্পগুলো বাছাই কমিটিতে আলোচনা হয় এবং পরিশিষ্ট-খ অনুযায়ি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলীর উপস্থাপিত তালিকা পরিশিষ্ট-ক অনুযায়ি ইজিপিতে টেন্ডার ও আরএফকিউ এর মাধ্যমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনান যে, (ক) ২০২১-২০২২ অর্থ বছরের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণের কাজ চলমান আছে।<br>(খ) প্রান্তিক জনগোষ্ঠির কামার, কুমার, নাপিত বাঁশ ও বেত পণ্য প্রস্তুতকারী, কাঁসা/পিতল পন্য প্রস্তুতকারী, জুতা মেরামত/প্রস্তুতকারী, লোকজ যন্ত্র, নকশী কাঁথা শিল্পী, শীতল পাটি, শতরঞ্জিসহ ১০টি গোষ্ঠির জরিপ কার্যক্রম পরিচালনা করা হবে।<br>(গ) উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত ঋণ কার্যক্রমে বকেয়া ঋণ আদায়ের ব্যাপারে উপজেলা সমাজসেবা কর্মকর্তা প্রশাসনের সহযোগিতা কামনা করেন।<br>(ঘ) বয়স্ক ভাতা,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি পদ্ধতি মোবাইল ফোনের মাধ্যমে প্রদান করায় উক্ত ভাতাভোগীদের বিগত অর্থ বছরগুলো অব্যয়িত ব্যাংকে পড়ে থাকা অর্থ সরকারী কেন্দ্রীয় হিসাব নম্বরে ফেরত প্রদানের জন্য মহাপরিচালক,সমাজসেবা অধিদফতরে আগারগাঁও, ঢাকা মহোদয় বরাবর পত্র প্রদানের মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। | (ক) সঠিক পে রোল প্রেরণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের সিদ্ধান্ত গৃহিত হয়<br>(খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে এবং তাদের সমাজের মুল স্রোতধারায় ফিরিয়ে আনার লক্ষ্যে উক্ত জরিপ কাজ অনুষ্ঠিত হবে। এই জন্য পেশা দারিত্বকে প্রাধান্য দিয়ে তাদের জরিপ কাপ সঠিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) বকেয়া ঋণ আদায় ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) সরকারি নির্দেশনা মোতাবেক বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি পদ্ধতি মোবাইল ফোনের মাধ্যমে প্রদান করায় উক্ত ভাতাভোগীদের বিগত অর্থ বছরগুলো অব্যয়িত ব্যাংকে পড়ে থাকা অর্থ সরকারি কেন্দ্রীয় হিসাব নম্বরে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। | প্রাথমিক শিক্ষার মানোন্নয়নকে আরো গতিশীল করার অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

চলমান পাতা-০৩

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তায়ন অফিসার সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম কিস্তিতে নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) বরাদ্দ পাওয়া গিয়াছে। যা ইউনিয়নওয়ারী বিভাজন করে উপ-বরাদ্দ দেয়া হয়েছে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম কিস্তিতে নগদ অর্থ (টাকা) বরাদ্দ পাওয়া গিয়াছে। আগামি ১১ নভেম্বর ২০২১ তারিখে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের নির্বাচনী তফসিল ঘোষনা হওয়ায় টিআর এবং কাবিখা/কাবিটা বরাদ্দের কার্যক্রম স্থগিত রয়েছে। নিম্নে তার দপ্তরের কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| বরাদ্দের বিবরণ | প্রকল্প সংখ্যা | বরাদ্দকৃত টাকার পরিমাণ | অগ্রগতি |
|---|---|---|---|
| উপজেলা পরিষদওয়ারী বরাদ্দ কাবিটা (নগদ অর্থ - টাকা) ১ম পর্যায় | -- | ৩৪৯৮৭২৩.৩১ টাকা | প্রক্রিয়াধীণ |
| উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য - চাল) ১ম পর্যায় | -- | ৭৪.০৩১৯ মে:টন | প্রক্রিয়াধীণ |
| উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য -গম) ১ম পর্যায় | -- | ৭৪.০৩১৯ মে:টন | প্রক্রিয়াধীণ |
| উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ টিআর (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায় | -- | ১৭৭৯৬৭৪/১৯ টাকা | প্রক্রিয়াধীণ |
| ত্রাণকার্য (নগদ অর্থ ) ৩৩৩ তে কল করে খাদ্য সহায়তা প্রার্থিদের জন্য | ৬০০ জন | ৩০০০০০.০০ টাকা | ৭০% |
| ত্রাণকার্য (চাল) | ১৮০০ জন | ১৮.০০০ মে:টন | ১০০% |
| ত্রাণকার্য (চাল) শারদীয় দূর্গাপুজার জন্য | ৭৮ | ৪৩.৫০০মে:টন | ১০০% |
| ঈদ-উল-আযহা ২০২১ উপলক্ষে ভিজিএফ | ১৭৩১২টি | ১৭৩.১২০ মে:টন | ১০০% |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় সেপ্টেম্বর ২০২১ মাসের কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন কার্যপত্রসহ সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

সেপ্টেম্বর ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন

| মূল/মউ/প্রকল্প/ কর্মসূচি | মসিক | | বার্ষিক | | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | |
| সমিতি গঠন | ০২ | - | ০৭ | - | ৩১৪ |
| সদস্য ভর্তি | ১০ | ০৮ | ১২০ | ১৫ | ১০৩১২ |
| শেয়ার | ০.২৯ | ০.৭৩ | ২.৪৫ | ১.০৬ | ১২০.৫৩ |
| সঞ্চয় | ১.৯২ | ২.০৩ | ১৪.৫৪ | ৩.০৮ | ৪৮৩.২২ |

| ঋণ কার্যক্রম | ঋণ বিতরণ | | | ঋণ আদায় | | | ঋণ আদায়ের হার | ঋণ অনাদায়ী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মাসিক | বার্ষিক | ক্রমপুঞ্জিত | মাসিক | বার্ষিক | ক্রমপুঞ্জিত | | |
| মূল ও মউ | ২.৩৫ | ৪৬.৮৮ | ৪৭২৬.৬৭ | ৩২.৪১ | ৫৯.৩৯ | ৪৪০৪.৪৩ | ৯৩% | ৩২২.২৪ |
| প্রকল্প/ কর্মসূচি | ৬.৫৫ | ১৩.২৫ | ১৬০৭.১৩ | ৮.৪৭ | ৮.৪৭ | ১৪৪১.৭০ | ৯০% | ১৬৫.৪৩ |
| সর্বমোট | ৮.৯০ | ৬০.১৩ | ৬৩৩৩.৮০ | ৪০.৮৮ | ৬৭.৮৬ | ৫৮৪৬.১৩ | ৯২% | ৪৮৭.৬৭ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় সেপ্টেম্বর ২০২১ মাসের পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ও হার তুলে ধরেন। কার্যক্রম নিম্নরূপ ঃ | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে অনুষ্ঠিত উঠান বৈঠকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ মেম্বর জনপ্রতিনিধিদের সম্পৃক্ত থেকে পরিবার পরিকল্পনা কাজের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| দপ্তরের চলমান উন্নয়ন কার্যক্রম | |
|---|---|
| খাবার বড়ি গ্রহণ | ৩৫,৫৫২ জন |
| কনডম | ৭৯১৬ জন |
| ইনজেকটেবল | ১২,১৬৬ জন |
| আইইউডি | ১,৮৭৩ জন |
| ইমপ্লান্ট | ৩,৯৬১ জন |
| স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ২,৬৪০ জন |
| স্থায়ী পদ্ধতি (মহিলা) | ৬,২৭৮ জন |
| **সেপ্টেম্বর ২০২১ মাসের পদ্ধতি ভিত্তিক বিতরণ ছিল** | |
| খাবার বড়ি | ১২,৮৬৮ চক্র |
| কনডম | ২৯,৭৫৬ পিছ |
| ইনজেকটেবল | ১৬৯১ ভায়াল |
| আইইডি | ২৩ পিছ |
| ইমপ্লান্ট | ৫৫ পিছ |
| স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ০০ জন |
| স্থায়ী পদ্ধতি (মহিলা) | ৩৭ জন |

চলমান পাতা-০৪

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নক</th></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, উপজেলার কৃষক তালিকা ফরম হালনাগাদকরণ এবং মাঠ পর্যায়ে কৃষি পরিসংখ্যান সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।</td><td>জনপ্রতিনিধিদের মাঠ পর্যায়ে পরিসংখ্যানের কাজে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হলো।</td><td>উপজেলা পরি অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শেরপুর, বগুড়া এর Ear Marked বাসাটি দীর্ঘদিন যাবত পরিত্যক্ত থাকায় অত্যন্ত জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। এ কারণে যে কোন সময় ভবনটি ধ্বসে পড়ে জানমালের ক্ষয়ক্ষতির আশঙ্কা সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে গত ১২ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় বাসাটি ঝুঁকিপূর্ণ ঘোষণা করে নিলামে বিক্রয়ের লক্ষ্যে সরকারি ভবনাদি পরিত্যাক্ত ঘোষণাকারী জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। তৎপ্রেক্ষিতে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতির বিষয়টি বিবেচনা করে বর্ণিত ভবনটি জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণ করার বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করেন। উল্লেখ্য যে, পরিপত্রের নির্দেশনা মোতাবেক এবং উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসের ১৫ নং অনুচ্ছেদে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ি ভবনটি উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক ৪৪,৯১৯/- (চুয়াল্লিশ হাজার নয়শত উনিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত প্রাক্কলন গৃহিত ও অনুমোদিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত ৪৪,৯১৯/- (চুয়াল্লিশ হাজার নয়শত উনিশ) টাকার প্রাক্কলন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারি ভবনাদি পরিত্যাক্ত ঘোষণাকারী জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিস</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন অফিসার সভায় অবহিত করেন যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাচন অফিসার</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>২০</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সভায় উপস্থিতি না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া সম্ভব হলো না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>সহকারী প্রোগ্রামার</td></tr>
<tr><td>২১</td><td>বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ সভায় উপস্থিতি না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী বিবিবি, নেসকো লিঃ</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা বন কর্মকর্তার কার্যালয়</td><td>উপজেলা বন কর্মকর্তা সভায় অবহিত করেন যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ২৫ অক্টোবর ২০২১ তারিখের ০৫.৫০.১০৮৮.০০০.১৬.০০১.২১.১২৬০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ি উপজেলা পরিষদ চত্বরের মরা, অতি পুরাতন ও ঝুকিপূর্ণ এবং নির্মাণ কাজে বাধাগ্রস্ত গাছের মূল্যাংক নিম্নরূপভাবে নির্ণয় করা হয়েছে ঃ
<table>
<tr><th>গাছের প্রজাতি</th><th>গাছের সংখ্যা</th><th>আনুমানিক কাঠ (ঘঃ ফুট)</th><th>প্রতি ঘনফুটের দর</th><th>মোট</th><th>সর্বমোট</th></tr>
<tr><td>আম</td><td>০৩</td><td>৩৯.৭০</td><td>১০০/-</td><td>৩,৯৭০/-</td><td>৪,৮৭০/-</td></tr>
<tr><td>নারিকেল</td><td>০৩</td><td>-</td><td>-</td><td>-</td><td>১,১২৫/-</td></tr>
<tr><td colspan="4">মোট মূল্য-পাঁচ হাজার নয়শত পঁচানব্বই মাত্র</td><td>-</td><td>৫,৯৯৫/-</td></tr>
</table></td><td>দাখিলকৃত মূল্যাংক সদয় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, বগুড়া মহোদয় বরাবর প্রেরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা</td></tr>
<tr><td>২৩</td><td>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা তার বিভাগের সেপ্টেম্বর ২০২১ মাসের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেনঃ
<table>
<tr><th rowspan="2">বিষয়</th><th colspan="3">বার্ষিক</th><th colspan="3">মাসিক</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ বিতরণ</td><td>৬৫০.০০</td><td>১০৬.২০</td><td>১৬%</td><td>৫০.০০</td><td>৫৭.৪৬</td><td>১০০%</td></tr>
<tr><td>সেলপ ঋণ বিতরণ</td><td>২৮০.০০</td><td>২৩.২০</td><td>০৮%</td><td>৩০.০০</td><td>১১.৫০</td><td>৩৮%</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৭৫০.০০</td><td>১১০.৭৯</td><td>১৫%</td><td>৫২.০০</td><td>৫৮.১৪</td><td>১০০%</td></tr>
<tr><td>সেলপ ঋণ আদায়</td><td>৩৩০.০০</td><td>৪৭.৬৭</td><td>১৪%</td><td>২৮.০০</td><td>২১.৪৬</td><td>৭৫%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১০০.০০</td><td>১১.৬০</td><td>১২%</td><td>৮.০০</td><td>৭.৭০</td><td>৯৬%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>১০০.০০</td><td>১৪.০৫</td><td>১৪%</td><td>৮.০০</td><td>৮.৫১</td><td>১০০%</td></tr>
</table></td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা</td></tr>
</table>

চলমান পাতা-০৫

<table>
<tr><th></th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>ব্যবস্থাপনক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক</td></tr>
<tr><td>২৫</td><td>তথ্য আপা প্রকল্প বিভাগ</td><td>তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান, তথ্য আপা প্রকল্প পরিচালিত লাল সবুজ.ডটকম ওয়েব সাইড থেকে পণ্য কেনার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি স্থানীয় সরকার বিভাগ</td><td>সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে ২০১৯-২০২০ অর্থ বছরের অবকাঠামো ও উন্নয়ন উপ-প্রকল্পের আইএনএফ-২০১৯-২০২০-৫০১০৮৮-০২ কোভিড-১৯ প্রতিরোধে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য উপকরণ সরবরাহের কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পটির চুড়ান্ত বিল ঠিকাদার কর্তৃক দাখিল করা হয়েছে। উক্ত বিলের চুক্তিমূল্য ১০,৫৯,২৩৯/- টাকা ভ্যাট ও আয়করসহ দাখিলকৃত বিলের পরিমাণ ১০,৫৯,২৩৯/- টাকা, ভ্যাট ও আয়কর ব্যতিত ৯,২১,৫৩৭/- টাকা, ভ্যাট ১,০৫,৯২৪/- টাকা, আয়কর-৩১,৭৭৮/- টাকা। তিনি আরো জানান, ৫ম পর্যায়ের ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের গত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে বিভিন্ন দপ্তর কর্তৃক প্রেরিত প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপিত ০৬টি প্রকল্পের মধ্যে পিআইসি সভায় সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহ ঃ<br>১. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই লো বেঞ্চ সরবরাহ।<br>২. উপজেলার বিভিন্ন বাজারে সোলার স্ট্রীট লাইট স্থাপন।<br>৩. মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক ও ল্যাট্রিন নির্মাণ।<br><br>তিনি আরোও জানান, ৫ম পর্যায়ের ২০২০-২০২১ অর্থ বছরের সক্ষমতা বৃদ্ধিমূলক উপ প্রকল্প ১০ লক্ষ টাকার বিপরীতে নিম্নে বর্ণিত ০৬টি প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশসহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>উপ প্রকল্পের নাম</th><th>বাস্তবায়ন কারী দপ্তর</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলার জনপ্রতিনিধি ও দপ্তর প্রধানদের জনসেবা সহজীকরণ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার আইন-২০০৯ এর উপর সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।</td><td>উপজেলা প্রশাসন</td></tr>
<tr><td>০২</td><td>কম্পিউটার পরিচালনায় পারদর্শী শিক্ষিত যুব বেকারদের আউট সোর্সিং বিষয়ে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ।</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদ</td></tr>
<tr><td>০৩</td><td>নির্মাণ কাজের গুনগত মান নিশ্চিতকরণে নির্মাণ শ্রমিকদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ।</td><td>এলজিইডি</td></tr>
<tr><td>০৪</td><td>বেকার যুবকদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং ও ফ্যান মেরামত বিষয়ক প্রশিক্ষণ</td><td>যুব উন্নয়ন বিভাগ</td></tr>
<tr><td>০৫</td><td>নিরাপদ মাতৃত্ব উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক প্রসব বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td></tr>
<tr><td>০৬</td><td>কিশোরীদের বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য প্রাথমিক স্বাস্থ্য শিক্ষা ও সামাজিক সচেতনতা মূলক ইস্যু (বাল্যবিবাহ) বিষয়ক প্রশিক্ষণ।</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td></tr>
</table></td><td>(ক) বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত বিলসমূহ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং ৫ম পর্যায়ের পিআইসি কমিটির সভায় সুপারিশকৃত প্রকল্পসমূহ প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ) বিস্তারিত আলোচনান্তে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ০৬টি প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশসহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয় এবং সুপারিশকৃত উপ প্রকল্প সমূহ প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>২৭</td><td>সম্মানীত উপদেষ্ঠা মাননীয় সংসদ সদস্য কর্তৃক উপস্থাপিত বিষয়</td><td>উপজেলা পরিষদের সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য কর্তৃক উপস্থাপিত কোন বিষয় পাওয়া যায়নি।</td><td>প্রাপ্ত নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>২৮</td><td>বিবিধ-১</td><td>উপজেলা নির্বাহী অফিসার,শেরপুর,বগুড়া মন্ত্রিপরিষদ বিভাগ,মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ০৩ অক্টোবর ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৫১২. ৮২.০৪৩.১৬-৪৬৩ নং স্মারক পত্রটি সভায় পাঠ করে শুনান। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩ অনুযায়ি উপজেলা কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি প্রতিবন্ধী ব্যক্তিদের সমস্যা সম্পর্কে সরকারকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে। তিনি বলেন প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি সকলের সহানুভূতি দেখানো প্রয়োজন। প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন সহযোগিতা করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td><td>আলোচনান্তে প্রতিটি বিদ্যালয়ে প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিভিন্ন সহযোগিতা করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</td><td>১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>২৯</td><td>বিবিধ-২</td><td>সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০. ০৫৪.২০১৩-২৬৪/১(৬) নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর জ এবং ঝ নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ মাসিক সভা এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভায় আপ্যায়ন বাবদ ৩০,০০০০/- টাকা এবং আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সেপ্টেম্বর ২০২১ মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং সেপ্টেম্বর ২০২১ মাসের আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বিল দাখিল করা হয়। উক্ত ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানো যায় মর্মে সদস্যবর্গ একমত পোষণ করেন।</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সেপ্টেম্বর ২০২১ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং আনুষাংঙ্গিক বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় বিল অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী ক</th></tr>
<tr><td>৩০</td><td>বিবিধ-৩</td><td>উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান সভায় অবহিত করেন যে, ভবানীপুর ইউনিয়নের সরো গ্রামের পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় জলবদ্ধতার কারনে প্রায় ৭০-৮০ বিঘা জমির ফসল নষ্ট হয়ে যায়। উক্ত গ্রামের পানি নিষ্কাশনের জন্য আবুলের বাড়ি হতে করতোয়া নদী পর্যন্ত ০২টি ড্রেন নির্মাণ করার জন্য অনুরোধ করেন। তিনি সুঘাট ইউনিয়ন ও ভবানীপুর ইউনিয়নের মাঝখানে ইটালী গ্রামে করতোয়া নদীর উপর একটি ব্রিজ নির্মানের প্রস্তাব করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে ভবানীপুর ইউনিয়নের স্বরো গ্রামের পানি নিষ্কাশনের জন্য ০২টি ড্রেন নির্মাণ এবং সুঘাট ইউনিয়ন ও ভবানীপুর ইউনিয়নের মাঝখানে ইটালী গ্রামে করতোয়া নদীর উপর ০১টি ব্রিজ নির্মানের প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>১। উপজেলা প্রকৌশ<br>২। চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি</td></tr>
<tr><td>৩১</td><td>বিবিধ-৪</td><td>সভাপতি সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকারি কাজের স্বার্থে বিভিন্ন খাতে সেপ্টেম্বর ২০২১ মাসের নিম্নবর্ণিত ব্যয় বিবরণি অনুযায়ি বিল পরিশোধ করা হয়েছে ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ জাকির হোসেন, প্রকল্প চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যান, বিশালপুর ইউপিকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে হাইজিং ওয়াশ ও রংকরণসহ বাসভবন সংস্কার প্রকল্পের বিল চুড়ান্ত বিল প্রদান</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মোঃ শহিদুল ইসলাম, প্রকল্প চেয়ারম্যান ও ইউপি সদস্য, বিশালপুর ইউপিকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে থাই গ্লাস স্থাপন ও গ্রীলের ০২টি দরজা স্থাপন প্রকল্পের বিল চুড়ান্ত বিল প্রদান।</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান এর সেপ্টেম্বর ২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০x২</td><td>৫৪,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদের ০২জন অফিস সহায়কগণের সেপ্টেম্বর ২০২১ মাসের (৫৫০x২৭=১৪,৮৫০/-) পারিশ্রমিক প্রদান-১৪,৮৫০x২</td><td>২৯,৭০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>আগস্ট-অক্টোবর ২০২১ মাসের পানির পাম্প পরিচালনার মজুরি প্রদান</td><td>৬,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা পরিষদের ০১জন মালি ও ০১জন পরিচ্ছন্নতা কর্মীর সেপ্টেম্বর ২০২১ মাসের (৫৫০x২৭=১৪,৮৫০) পারিশ্রমিক প্রদান- ১৪,৮৫০x২ =</td><td>২৯,৭০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা পরিষদের নিরাপত্তা প্রহরির সেপ্টেম্বর ২০২১ মাসের ২৭৫x২৭= পারিশ্রমিক প্রদান- ৭,৪২৫x১=</td><td>৭,৪২৫/-</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ</td><td>২৮,৮৫৪/-</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১,৫৫,৬৭৯/</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা সরকারি কাজের স্বার্থে সর্বমোট = ১,৫৮,১৫৪/- (এক লক্ষ আটান্ন হাজার একশত চুয়ান্ন) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
</table>

অতরপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২১

মোঃ মজিবর রহমান মজনু
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
উপজেলা পরিষদ চেয়ারম্যান
শেরপুর, বগুড়া।

চলমান পাতা-০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
sherpur.bogra.gov.bd

স্মারক নম্বর-০৫.৫০.১০৮৮.০০০.০৬.০০১.২১.১২৯০

তারিখ ঃ ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০ বগুড়া- ০৫ (উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৬। জেলা প্রশাসক, বগুড়া
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৮। উপজেলা........................................................অফিসার, শেরপুর, বগুড়া
০৯। চেয়ারম্যান,.....................................ইউনিয়ন পরিষদ (সকল), শেরপুর, বগুড়া
১০। জনাব.......................................................................................

২৮/১০/২১

মোঃ ময়নুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর,বগুড়া
টেলিফোন ঃ ০৫০২৯-৭৭১০১ (কার্যালয়)
unosherpurbogra@mopa.gov.bd

# …লো পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় সদস্যদের উপস্থিতি

## তারিখ ঃ ২৮/১০/২০২১ খ্রিঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | মো: শাহ জামাল সিরাজী<br>ভাইস চেয়ারম্যান – শেরপুর উপজেলা পরিষদ - | [signature] |
| ৪ | মোহা: [illegible]<br>উপজেলা কৃষি অফিসার (শেরপুর) | [signature] |
| ৫ | মো: [illegible] সরকার<br>সি: উপজেলা স্বাস্থ্য অফিসার, শেরপুর, বগুড়া | [signature] |
| ৬ | মো: লিয়াকত হোসেন<br>উপজেলা প্রকৌশলী | [signature] 28.10.2021 |
| ৭ | মো: আমিনুল ইসলাম<br>ইউপি সচিব, [illegible] ইউপি | [signature] ২৮/১০/২০২১ |
| ৮ | মো: [illegible]<br>ইউ. পি সচিব ০৩নং, মির্জাপুর ইউ. পি | [signature] ২৮/১০/২১ ই. |
| ৯ | মো: ইকবাল হোসেন<br>সচিব ১০নং শাহ-বন্দেগী ইউনিয়ন শেরপুর, | [signature] ২৮/১০/২০২১ই. |
| ১০ | মো: নজরুল ইসলাম<br>সচিব, কুসুম্বী ইউপি | [signature] ২৮/১০/২০২১ |
| ১১ | মো: [illegible] ইউপি সচিব, সীমাবাড়ী ইউপি | [signature] ২৮/১০/২১ |
| ১২ | ডা: মো: [illegible]<br>ULO শেরপুর | [signature] |
| ১৩ | মোছা: নাজরিন [illegible] উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | নাজরিন |
| ১৪ | মো: হাবিবুর রহমান<br>ইন্সট্রাক্টর (URC) | [signature] |
| ১৫ | মো: [illegible] ইসলাম USEO | [signature] ২৮/১০/২১ |

| | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | সুবির কুমার পাল UWAO শেরপুর | |
| ১৭ | বিজয় চন্দ্র দাস UYDO শেরপুর | |
| ১৮ | মোছা: শামছুন্নাহার শিউলী, PIO, শেরপুর | |
| ১৯ | মো: ওবায়দুর রহমান AUEO, ॥ | |
| ২০ | মো: ওবায়দুল হক USSO শেরপুর | |
| ২১ | মো: মোশারফ আলম উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | |
| 22. | জুলেখা খানম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ২৩ | মো: হাবিবুর রহমান, [illegible] সার্ভেয়ার | |
| ২৪ | ফারজানা পারভীন ইউডি এফ, ইউজিডিপি | ২৮/১০/২২ |
| ২৫. | মো: শাহাদত হোসেন সহকারী প্রকৌশলী, [illegible] শেরপুর | |
| ২৬. | মো: আরিফুর রহমান উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | ২৮/১০/২০২২ |
| ২৭. | মো: মাহমুদুল হাসান SAE, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | 28/10/21 |
| ২৮. | মো: নূর-এ-আলম SAE - শেরপুর | ২৮/১০/২২ |
| ২৯. | মো: মাহেদুল ইসলাম, ০১৭২২৬৮৫৭০৭ | ২৮/১০/২০২২ |
| | | |
| | | |
| | | |